# 2017

## BENGALI

## ( Major )

Paper : 4.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "'বোঝেনাক' সে যে চারণের বেশে ফেরে দেশে দেশে গান গেয়ে।"

'চারণ' শব্দের অর্থ কী?

(খ) "তুমি বল নাই, শুধু শ্বেতদ্বীপে
জোগাইবে আলো রবি-শশী-দীপে।"

'শ্বেতদ্বীপ' বলতে কী বোঝানো হয়েছে?

(গ) নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

(ঘ) "ব্যথার সাঁতার-পানি-ঘেরা
চোরাবালির চর,
ওরে পাগল! কে বেঁধেছিস্
সেই চরে তোর ঘর?"

কোন্ কবিতার অংশ?

(ঙ) ''সুতা দিয়া মোরা _____ চাই, ব'সে ব'সে কাল গুণি!
জাগো রে জোয়ান! বাত ধরে গেল মিথ্যার তাঁত বুনি।''
(শূন্যস্থান পূর্ণ করো)

(চ) ''রক্তক্লেদ বসা থেকে রৌদ্রে ফের উড়ে যায় মাছি''—
'বসা' শব্দের অর্থ কী?

(ছ) ''গান নয়, সুর নয়,
প্রেম, হিংসা, ক্ষুধা—কিছু নয়,
সীমাহীন শূন্যতার _____ শুধু''
(শূন্যস্থান পূর্ণ করো)

(জ) 'শাশ্বতী' কবিতাটি কে রচনা করেছেন?

(ঝ) 'বধূ' কবিতায় বধূটি জল সংগ্রহের জন্য কোথায় যেত?

(ঞ) 'টপ্পা-ঠুংরি' কবিতায় প্রেমিকার পরিবর্তে হাওড়া স্টেশনে কবি কার সাক্ষাৎ পেয়েছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''লঙ্কাকাণ্ডে কুরুক্ষেত্রে,
লোভ-দানবের ক্ষুধিত নেত্রে,
ফাঁসির মঞ্চে কারার বেত্রে ইহারা যে চির চেনা!''
'লঙ্কাকাণ্ড' কী?

(খ) ''গুরু ক'ন, তুই করেছিস শুরু তলোয়ার দিয়ে দাড়ি চাঁছা।
প্রতি শনিবারী চিঠিতে প্রেয়সী গালি দেন, 'তুমি হাঁড়ি চাঁচা'!''
এই অংশে উল্লিখিত 'গুরু' কে? 'শনিবারী চিঠি' বলতে কী বোঝানো হয়েছে?



( Continued )



(গ) ''সে এসে সহসা হাত রেখেছিলো হাতে।''
এখানে কার আগমনের কথা বলা হয়েছে? ঋতুচক্রের কোন্ পর্বের প্রেক্ষাপটে এই কবিতাটি বর্ণিত হয়েছে?

(ঘ) 'কাক ডাকে' কবিতায় কবি দিনের কোন্ পর্বে কাকের ডাক শুনেছিলেন? কাকের ডাক তাঁর হৃদয়ে কীসের সংবেদন জাগিয়ে তুলেছিল?

(ঙ) 'যেখানে রূপালি' কবিতায় যে 'মোহিনী সে—অপরূপ রূপময়ী মায়াবী' নারীর প্রসঙ্গ উল্লিখিত হয়েছে, তার দৈহিক সৌন্দর্যের যে কোনো দুটি দিক উল্লেখ করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ''ঐ তাদের কথা শোনাই তাদের
আমার চোখে জল আসে
আজ সৃষ্টি সুখের উল্লাসে!''
এখানে কাদের কথা বলা হয়েছে? তাদের প্রকৃতিগত ভিন্নতার কথা কবি কীভাবে প্রকাশ করেছেন?

(খ) '' দারিদ্র্য অসহ
পুত্র হয়ে জায়া হয়ে কাঁদে অহরহ
আমার দুয়ার ধরি!''
'দারিদ্র্য' কবিতায় নজরুল ইসলামের ব্যক্তিজীবনে দারিদ্র্যের অভিজ্ঞতা কীরূপে ব্যক্ত হয়েছে তা বর্ণনা করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
''অশিব-দক্ষযজ্ঞে যখনই মরে স্বাধীনতা সতী,
শিবের খড়েগ তখনই মুণ্ড হারায়েছে প্রজাপতি!''



( Turn Over )

৪ । যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) 'নিরালা' কবিতায় কবি কী মনোবাঞ্ছা ব্যক্ত করেছেন ?

(খ) 'রূপান্তর' কবিতায় কোন্ ধরনের 'রূপান্তর'-এর কথা ব্যক্ত করা হয়েছে ?

(গ) ব্যাখ্যা করো :

"তোমার পোস্টকার্ড এলো,
যেন ছড়টানা স্রোতে
পিৎসিকাটোর আকস্মিক ঘূর্ণি,
রেডিওর ঐকতানে বিস্মিত আবেগ।"

৫ । যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'বিদ্রোহী' কবিতায় কবির বিদ্রোহীসত্তার যে স্বরূপ প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো।

(খ) 'সব্যসাচী' কবিতায় কবি 'মহাভারত'-এর পৌরাণিক ঘটনা এবং 'রামায়ণ'-এর সীতাকেন্দ্রিক বৃত্তান্তের মধ্যেও বিদ্রোহ, বিপ্লব এবং সাম্যবাদের যে বাণী সঞ্চারিত করে দিয়েছেন তা আলোচনা করো।

(গ) 'আজ সৃষ্টি সুখের উল্লাসে' কবিতায় কবি যে বাঁধনহারা উচ্ছ্বাসের ছবি এঁকেছেন তা বর্ণনা করো।

(ঘ) 'সর্বহারা' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।





৬ । যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বিষ্ণু দে-র 'টপ্পা-ঠুংরি' কবিতাটিতে প্রতিফলিত আধুনিকতার বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করো।

(খ) 'কাক ডাকে' কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো।

(গ) 'সংগতি' কবিতার নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।

(ঘ) 'বধূ' কবিতায় শহর-জীবনে স্বপ্নভঙ্গের যে ছবি চিত্রিত হয়েছে তা ব্যক্ত করো।

★★★